ফোন ঃ
অফিস ঃ ৯৫৫০৩৫৩

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর
আনসার চেম্বার (৭ম তলা), ১৪৯ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-২২১-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ২২/০৬/১৪২৬ বঙ্গাঃ
০৭/১০/২০১৯ খ্রিঃ

**দপ্তরাদেশ**

অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন), বাপাউবো মহোদয়ের অদাঃ নং-৩৭৮-অমপ(প্রশাসন) তারিখঃ ১৬/০১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগের কতিপয় কর্মচারী কর্তৃক সহকারী প্রকৌশলী জনাব মোঃ আশরাফুজ্জামান ও নির্বাহী প্রকৌশলী, জনাব মোঃ আনিছুর রহমানকে শারিরীকভাবে নির্যাতন ও গালিগালাজ করণ প্রসংগে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একখানা লুজ নোটশীট শৃংখলা পরিদপ্তরে প্রেরণ করা হয়। উক্ত লুজ নথির সাথে সংযুক্তি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-ঢাসা-৩১/২৪৬০ তারিখঃ ১০/০১/২০১৯খ্রিঃ এবং নির্বাহী প্রকৌশলী, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, নারায়নগঞ্জ এর স্মারক নং-ঢাযাবি-সি/৩৩০ তারিখঃ ০৯/০১/২০১৯খ্রিঃ হতে দেখা যায় যে, জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল (আইডি নং-৯০০১০১০০৭), হেলপার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ এ কর্মরত থাকাকালীন গত ০৯/০১/২০১৯ খ্রিঃ তারিখ সকালে বিনা অনুমতিতে কতিপয় কর্মচারীসহ নির্বাহী প্রকৌশলী, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর দপ্তর কক্ষে প্রবেশ করে বিভিন্নভাবে কথা বলতে থাকেন। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কেপিআই ভূক্ত স্থাপনার মধ্যে মিটিং, মিছিল ও সভা সমাবেশ করা যাবেনা মর্মে তাদেরকে অবহিত করা হলে তারা নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আনিছুর রহমান ও সহকারী প্রকৌশলী, জনাব মোঃ আশরাফুজ্জামান এর সাথে অসৌজন্যমূলক আচরণ করেন। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কেপিআই ভূক্ত স্থাপনায় মিটিং, মিছিল ও সভাসমাবেশ করার নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও তারা গত ০৯/০১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০:৩০ ঘটিকা হতে বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত মিটিং, মিছিল ও সভা সমাবেশ করেন। সহকারী প্রকৌশলী, জনাব মোঃ আশরাফুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, জনাব মোঃ আনিছুর রহমান এর দপ্তর কক্ষ হতে তার দপ্তর কক্ষে গেলে একপর্যায়ে জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল (আইডি নং-৯০০১০১০০৭), সাবেক হেলপার ও জনাব মোঃ মাসুম, ঝাড়ুদার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ, জনাব মোঃ আশরাফুজ্জামান, সহকারী প্রকৌশলীকে কিল, ঘুষি মারতে মারতে টেনে হিচড়ে দোতলা থেকে নিচে নামান। তখন নির্বাহী প্রকৌশলী, জনাব মোঃ আনিছুর রহমান, তাকে উদ্ধার করে তার দপ্তর কক্ষে নিয়ে যান। অতঃপর তারা উক্ত নির্বাহী প্রকৌশলী ও সহকারী প্রকৌশলীকে কক্ষে আবদ্ধ করে রাখেন। পরিস্থিতির ব্যাপক অবনতি হলে পাশেই সেনাবাহিনীর ক্যাম্প থাকায় তারা খবর পেয়ে দ্রুত ঘটনা স্থলে এসে তাদেরকে উদ্ধার করে। পরে জনাব মোঃ আশরাফুজ্জামান, সহকারী প্রকৌশলী সিদ্ধিরগঞ্জ থানায় গিয়ে জিডি এন্ট্রি করেন।

২। যেহেতু জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল, সাবেক হেলপার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ (বর্তমানে হেলপার, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী) উপরোক্ত কর্মকান্ড করে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও নাশকতার সামীল। এরূপ কর্মকান্ড করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক), (খ), (ঘ) ও (ছ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৩। অতএব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) মোতাবেক তার উপর প্রস্তাবিত দন্ড কেন আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২৭-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ০৬/০২/২০১৯খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে কার্যধারা সূচণা পূর্বক অভিযোগনামা তার দাপ্তরিক ঠিকানায় প্রেরণ করা হয়। উক্ত অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে তিনি আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে গত ২৬/০২/২০১৯খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন। তার জবাব পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ সমূহ তদন্তের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪৮-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ১৪/০৩/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি বিস্তারিত তদন্ত পূর্বক তার স্মারক নং-১৮১-পাউবো/সচি/ইআর/একক নথি/২০১৯ তারিখঃ ০২/০৯/২০১৯খ্রিঃ এর মাধ্যমে তদন্ত প্রতিবেদন শৃংখলা পরিদপ্তরে দাখিল করেন।

অঃ পৃঃ দ্রঃ

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র যথাযথভাবে পর্যালোচনান্তে তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ সমূহ তদন্তে প্রমানিত হওয়ায় তিনি দোষী সাব্যস্থ হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কর্মদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২১৯ -পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ **২৪/০৯/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তা**কে নির্দেশ প্রদান করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি উক্ত কারণ দর্শানোর নোটিশের সাথে প্রেরণ করা হয়।

৬। উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল, সাবেক হেলপার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ (বর্তমানে হেলপার, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী) গত ০২/১০/২০১৯খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৭। এমতাবস্থায় কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল, সাবেক হেলপার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ (বর্তমানে হেলপার, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৭/১০/২০১৯

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩১২৩০০০১
টেলিফোন নং-৯৫৫০৩৫৩
dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-২২১(১৯)-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯

তারিখঃ ২২/০৬/১৪২৬ বঙ্গাব্দ
০৭/১০/২০১৯খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা/উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা যান্ত্রিক (পাম্প হউজ) বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়নগঞ্জ/তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
৮। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ডালিয়া আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ডালিয়া।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিবচালক(প্রশাসন/অর্থ/পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন), বাপাউবো, ঢাকা।
১১। জনাব মোঃ ইব্রাহীম খলিল রুবেল, হেলপার, তিস্তা যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী (সাবেক হেলপার, ঢাকা যান্ত্রিক (পাম্প হাউজ) বিভাগ বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ)।

০৭/১০/২০১৯
(ফজলুল করিম)
উপ-পরিচালক
শৃংখলা পরিদপ্তর, বাপাউবা, ঢাকা।
পরিচিতি নং-৬৪০৩১১০০১

ডায়েরী নং ৬১৩৪ ◈ তারিখঃ ৭/১০/১৯
প্রোগ্রামার ◈ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ ◈ প্রয়োজনীয় ব্যবস্থা নি...
কম্পিউটার অপারেটর ◈ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◈ নথিতে রাখুন
◈ তাগিদ পত্র দি...
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

D:\F.Karim\Shimrail\Shimrail.doc2